

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ।
ফোন: (+৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স: ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা/একা (বৃত্তি)-৩৪(৫)/২০১০/ ২৭২২

তারিখ: ২১ নভেম্বর, ২০২৩


বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে স্নাতক ১ম বর্ষে (সেশনঃ ২০২২-২০২৩) অধ্যয়নরত চট্টগ্রাম, কক্সবাজার, রাজামাটি, বাম্বরবান ও খাগড়াছড়ি জেলার শিক্ষার্থীদের মধ্যে হতে যাহারা 'চট্টগ্রাম সমিতি-ঢাকা হতে শিক্ষাবৃত্তি গ্রহণে আগ্রহী প্রার্থীদের আগামী ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে সমিতির 'সাধারণ সম্পাদক, চট্টগ্রাম সমিতি-ঢাকা, চট্টগ্রাম ভবন (১০ম তলা), ৩২ তোপখানা রোড, ঢাকা-১০০০' এই ঠিকানা বরাবর দরখাস্ত প্রেরণের আহবান করা যাচ্ছে।

বিজ্ঞপ্তিটি উল্লেখিত জেলার শিক্ষার্থীদের শ্রেণি কক্ষে অবগত করা এবং বিভাগীয় নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য ইনস্টিটিউটের পরিচালক/বিভাগীয় চেয়ারম্যান মহোদয়গণকে আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

সংযুক্তি : সংশ্লিষ্ট সমিতি কর্তৃক জারিকৃত বিজ্ঞপ্তি।

ধন্যবাদান্তে,



(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার।

তারিখ: ২১ নভেম্বর, ২০২৩

জবি/প্রশা/একা (বৃত্তি)-৩৪(৫)/২০১০/ ২৭২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১-৬. ডীন, সকল অনুষদ, জবি;
- ৭-৮. পরিচালক, আই.ই.আর/আই.এম.এল, জবি;
- ৯-৪৪. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি;
- ৪৫-৪৭. পরিচালক {পিআরআইপি/ছাত্র কল্যাণ/আইসিটি সেল (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)}, জবি;
৪৮. পরীক্ষা নিয়ন্ত্রক, জবি;
৪৯. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
৫০. উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
৫১. সংরক্ষণ/অফিস কপি।


(মোসাঃ আশরা-উন-আকতার তুহিন)
ডেপুটি রেজিস্ট্রার
একাডেমিক শাখা(বৃত্তি)।



চট্টগ্রাম সমিতি-ঢাকা

সমাজসেবা অধিদপ্তর, ঢাকা এর নিবন্ধন নং ৪ ট-০৮৯৬২

চট্টগ্রাম ভবন, ৩২, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন: ০২-৪১০৫২২৪৭-৮

E-mail: ctgsamitydhaka@yahoo.com, ctgsamitydhaka@gmail.com, Web Site: www.ctgsamitydhaka.org

(একটি অস্বাভাবিক, অলাভজনক, সমাজসেবামূলক দাতব্য সংগঠন)

চট্টগ্রাম সমিতি-ঢাকার

শিক্ষাবৃত্তির জন্য দরখাস্ত আহ্বান

চট্টগ্রাম সমিতি-ঢাকা কর্তৃক দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয় ও সরকারি কলেজে (মেডিক্যাল, ইঞ্জিনিয়ারিং, কৃষিসহ সাধারণ বিষয়ে) স্নাতক পর্যায়ে এবং সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে ১ম বর্ষে (সেশন: ২০২২-২০২৩) অধ্যয়নরত বৃহত্তর চট্টগ্রামের মেধাবী অথচ অসচ্ছল সীমিত সংখ্যক ছাত্র/ছাত্রীকে তাদের শিক্ষাজীবনের পূর্ণ মেয়াদ কোর্সের জন্য শিক্ষাবৃত্তি প্রদান করা হবে। আগ্রহী প্রার্থী যাদের 'নিজ জেলা' চট্টগ্রাম, কক্সবাজার, রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি এবং যাদের এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় (ঐচ্ছিক বিষয় ব্যতীত) বিজ্ঞান শাখায় জিপিএ-৪.৭৫, ব্যবসায় শাখায় জিপিএ-৪.৫০ ও মানবিক শাখায় জিপিএ-৪.০০ রয়েছে তারা আবেদন করতে পারবে। আবেদন ফরম www.ctgsamitydhaka.org এই ওয়েবসাইটে পাওয়া যাবে এবং সমিতির কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে ফরমে বর্ণিত তথ্যাদিসহ সংশ্লিষ্ট কাগজপত্র আগামী ৩০ নভেম্বর ২০২৩-এর মধ্যে 'বরাবর, সাধারণ সম্পাদক, চট্টগ্রাম সমিতি-ঢাকা, চট্টগ্রাম ভবন (১০ম তলা), ৩২ তোপখানা রোড, ঢাকা-১০০০' এই ঠিকানায় পাঠাতে হবে। ॥ বিজ্ঞপ্তি ॥